



পত্র নং: বা: স্কা: (মেম্বারশীপ রেজিস্ট্রেশন)/৩৫২০(১৪৬৭)/২০২১

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৬
১৭ এপ্রিল ২০১৯

জেলা প্রশাসক (সকল)

ও

সভাপতি

বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

বিষয়ঃ বাংলাদেশ স্কাউটস এর অনলাইন মেম্বারশীপ রেজিস্ট্রেশন সিস্টেম বাস্তবায়ন সম্পর্কীয়।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম হিসেবে দক্ষ ও সৎ, আত্মনির্ভরশীল মানুষ গড়তে স্কাউটিং একটি বিশ্বব্যাপী আন্দোলন। জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং জেলা স্কাউটস এর সভাপতি হিসেবে আপনার নেতৃত্বে সুনামগরিক ও সুন্দর সমাজ বিনির্মাণে স্কাউটিং আন্দোলন পরিচালিত হচ্ছে।

আপনি জেনে খুশি হবেন যে, বাংলাদেশ স্কাউটস এর মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিভাগ দেশের সকল স্কাউটকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় নিয়ে আসার জন্য প্রস্তুতি সম্পন্ন করেছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্পের সহায়তায় তৈরীকৃত বাংলাদেশ স্কাউটস এর অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টালের মাধ্যমে সকল স্কাউটের অনলাইন নিবন্ধনের মাধ্যমে একটি ডাটাবেজ তৈরী করা চলমান রয়েছে এবং একই সাথে সকল রেজিস্টার্ড স্কাউট এবং স্কাউটারবৃন্দকে একটি করে আইডি কার্ড প্রদান করা হবে। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন কর্মসূচি সম্পর্কে অনলাইনে নোটিফিকেশন, বিভিন্ন আবেদন জমা দেয়া সহ সাধারণ জনগণ সহজেই অনলাইনে বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন সেবা গ্রহণ করতে পারবে।

জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে উক্ত অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে এবং অঞ্চল ও জেলা থেকে অংশগ্রহণকারী প্রতিনিধির কাছে সংশ্লিষ্ট অ্যাডমিন লগ-ইন ইউজারনেম ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর scouts.gov.bd ওয়েবসাইটে “অনলাইন রেজিস্ট্রেশন ও সার্ভিস” লিংকে ক্লিক করে নতুন রেজিস্ট্রেশন, লগ-ইন এবং সেবা গ্রহণ করা যাবে। এছাড়া গুগল প্লে স্টোর থেকে Bangladesh Scouts এপসটি এন্ড্রয়েড মোবাইলে ইনস্টল করে রেজিস্ট্রেশন করা যাবে এবং স্কাউট প্রোফাইল ম্যানেজ করা যাবে।

বাংলাদেশ স্কাউট এর এই কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সকল স্থানীয় স্কাউট নেতৃবৃন্দসহ জেলা ও উপজেলা প্রশাসন এর সহযোগিতা একান্ত প্রয়োজন। জেলা ও উপজেলা পর্যায়ে অনলাইন মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ে ওরিয়েন্টেশন আয়োজনসহ স্কাউটদের মেম্বারশীপ রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা তথ্য কেন্দ্র ব্যবহার করা সম্ভব হলে কার্যক্রম বাস্তবায়ন অপেক্ষাকৃত সহজতর হবে।

বাংলাদেশ স্কাউটস এর মেম্বারশীপ রেজিস্ট্রেশন কার্যক্রম মাঠ পর্যায়ে সূষ্ঠাভাবে পরিচালনায় জেলা ও উপজেলা প্রশাসনের সরাসরি সহযোগিতা প্রদানের মাধ্যমে সফলভাবে উক্ত কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য অনুরোধ জানাই।

একান্তভাবে আপনার,

(মোঃ শহীদ উল্লাহ বন্দকার)

সভাপতি

মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ক জাতীয় কমিটি

বাংলাদেশ স্কাউটস

ও

সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৩। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;
- ৫। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
- ৬। জেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৭। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ২। জাতীয় কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন), বাংলাদেশ স্কাউটস ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড;
- ৩। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ ও পৃষ্ঠপোষক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস।

Signature